সেই আমি

নিত্যানন্দ ঘোষ

সম্পাদক / সম্পাদকমণ্ডলী
প্রবোধ লাইব্রেরি
কাটোয়া • পূর্ব বর্ধমান

Scanned with CamScanner

কবিদ্বয় কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রথম প্রকাশ—২০শে মার্চ, ১৯৮৪

বইমেলা, কাটোয়া।

প্রকাশক—তারকেশ্বর চট্টরাজ

ডুবোপাড়া, কাটোয়া, বর্ধমান।

মুদ্রণে : জনতা প্রিন্টিং ওয়ার্কস্

কাটোয়া কোর্ট কম্পাউণ্ড।

বিনিময়—এক টাকা

Scanned with CamScanner

এক

ভাঙছ যে গড়ে যেতে পার
লোভীর মতন দুই চোখ

নিষ্ঠুরতা ভাল নয় জেনো
জেনে যাও আমারও দুই বাহু

ফসল ফলাতে চাও দেবো
কিন্তু কি জান মাটির গুণ

যদি তাই হয় আলো নেই—
ভালোবাসা নয় ঘৃণা শুধু

ক্ষোভ

Scanned with CamScanner

দুই

কথা দিয়ে বসে আছি
পিছন ডেকে যাওয়া মিছে

আমি তো সে-ই রয়েছি
সামনে যা পিছনেও তা-ই

তবু বলা কথা বলা
অভিমান হয় যদি

তার চেয়ে যাও—
আমি নিরালায় খুশি থাকি

ব্যক্তি

Scanned with CamScanner

তিন

এসে থেকেই বলছ যাই
তবে তো না গেলে হয়

আমি তো সব বুঝি না
সব কিছুই কে বোঝে সূক্ষ্ম

আমার কোন সত্য নেই, তোমার
কথা বলো সংক্ষেপে ;

যা কিছু কপালে যাই যদি
ফিরে-না-চাই সে দিন

উল্‌টো

Scanned with CamScanner

ছয়

মুখ খুলছ না বড়
কথায় কি সব আসে

যাওয়ার মতন যাওয়া
আমরাও নতুন দেখছি

আমার মতন কেউ নেই আর
শুধু বাকী রয়ে গেছি—

মুখ খুলছ না বড়
কথায় কি সব হয়

মুখ

Scanned with CamScanner

সাত

যেতে সাধ হয় তাই
যদি উপায় বলেন

আমি বললাম আজ যাক
আজকের মতো কোন দিন

অনেকদিনের পুরনো তো
সব কী এখন মনে পড়ে

আমি বললাম দেরী নেই
সময় বুঝে এগোতে হয়।

ঠাট

Scanned with CamScanner

আট

বোঝাতে পারি না বলে
বোঝে সে কেমন ?

আমারও দিতে মন
শুনে সাধ যায় ও-রকম

তবুও বলবে বৃথা !
আমার কী দোষ বল

রাতদিন যায়
দিন রাত হায়—

অভ্যাস

Scanned with CamScanner

নয়

সব কিছুই নিলে যে
বাকী রেখে যাও

আমিও যে পরের মতন
একা ঘরে থাকি বোকা

তুমি মান না-ই মান
দুঃখ-কষ্ট-লাঞ্ছনার স্রোতে ভাসি ;

ব'লো না অমন
সে যে নিদারুণ বড়

দুঃখ

Scanned with CamScanner

দশ

কেমন দেখছ শুনি
খুব যে এমন—তাই বল ;

অনেকদিন তো গেছে
হঠাৎ ভুলে পড়ল মনে

এখনও বুঝি তার অভিমান
কথায় বেদনা ক্ষয় যদি

যাক সে-দিন পুরনো
আবার কখনো দেখা হবে।

নিত্য

Scanned with CamScanner